

২-১১-২০১৬ , শনিবার, গণমিছিল

২-১১-২০১৬ , শনিবার, গণমিছিল -Piazzale San Giovanni-

সময় দুপুর ২.০০টা

আপনি আমন্ত্রিত

এই মিছিলে উপস্থিত হয়ে, আমরা বলতে চাই, আমরা বিদেশী শ্রমিক অনেকেই অনেক দিন যাবৎ আবার কেহ নতুন ভাবে ইতালীতে এসেছি। আমরা এখানে বসবাস করি এবং কাজ করি। আমাদের বর্তমান জীবন ব্যবস্থা অনেক ইতালীয়ানদের মত কঠিন থেকে কঠিন হয়ে যাচ্ছে। কর্মস্থলে বেতন কম, আবার অনেকের কাজ নাই, মাসিক ভাড়া ও অন্যান্য খরচ বহন করতে হিমশিম খাচ্ছে। এই সমস্যার কারনে, বিদেশী শ্রমিকের অবস্থা আরো সূচনীয়া, আমরা আমাদের সর্জোর্ণ নবায়ন করতে পারছি না।

এদিকে ইতালীয়ান সরকার একের বিপক্ষে অপরকে ব্যবহার করছে, ভয় ভীতি দেখানো হচ্ছে, বাসস্থান, শিক্ষা, চিকিৎসা সহ সকল সকল প্রকার বাজেট কর্তন করে যুদ্ধের জন্য দেওয়া হচ্ছে।

বিদেশীদের মুক্ত চলঅ ফেরায় বাধা দেওয়া হচ্ছে, ইতালীর ভিতরে ও ইউরোপে একই অবস্থা সৃষ্টি করে রেখেছে। এই গুলি শত ভাগ বর্ণবাদী ও ফ্যাসিবাদী চিন্তার ফসল, আর এই অসমতার ও বিভাজনের বিপক্ষে বিদেশী ও ইতালীয়ানদের একত্রিত হয়ে আন্দোলন করা উচিত।

এখনই উপযুক্ত সময়, চিৎকার করে বলা, মাথা উচু করে দাড়ানো। মুক্ত ভাবে চলাচল করতে চাই, (সকলের সর্জোর্ণ পাওয়ার দাবীতে) সকলের জন্য বাসস্থান ও চিকিৎসার নিশ্চয়তা চাই, শোষণ থেকে মুক্তি চাই, প্রকাশ্যে অধিকার চাই, জোড় পূর্বক বহিষ্কার করা বন্ধ করতে হবে।

বর্তমান সরকারের নিকট এই দাবী গুলি পেশ করার জন্য সকলে একত্রিত হয়ে আসুন রাজ পথে একত্রিত হয়ে, অধিকার আদায়ের আন্দোলনে যোগ দেই।

নিপিড়ন ও শোষণ মুক্ত সমাজ
গড়ার লক্ষ্যে

